# ঠাকুরগাঁ মহাবিদ্যালয়ে ছাত্র ভর্তি সমস্যা

ঠাকুরগাঁ, ১২ই সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা) :—ঠাকুরগাঁ সরকারী মহাবিদ্যালয়ে উচ্চ মাধ্যমিক ক্লাসে ছাত্র-ছাত্রী ভর্তির ব্যাপারে এক মারাত্মক সমস্যার সৃষ্টি হয়েছে।

আগামী ১৯৮১-৮৩ নতুন শিক্ষা বর্ষের জন্য প্রথম বর্ষ বিজ্ঞান, বাণিজ্য ও মানবিক বিভাগে ছাত্ররা ভর্তি হতে পারছেনা বলে জানা গেছে। কারণ হিসেবে জানা যায় যে, এই মহাবিদ্যালয়ের বিভিন্ন বিভাগে নতুন ছাত্রছাত্রী ভর্তির জন্য কলেজ কর্তৃপক্ষ মাত্র ৩০০ শিক্ষার্থীর আসনের জন্য ছাত্র-ছাত্রীদের কাছ থেকে দরখাস্ত আহবান করেছে। কিন্তু প্রথম বর্ষের বিভিন্ন বিভাগে ভর্তি হতে ইচ্ছুক প্রায় এক হাজার ছাত্র-ছাত্রী এ যাবত দরখাস্ত কলেজ কর্তৃপক্ষের কাছে জমা দিয়েছে।

তাছাড়া বিজ্ঞান বিভাগে প্রতিটি বিষয়ে, শতকরা ৫০ নম্বর, কলা ও বাণিজ্য বিভাগে শতকরা ৪০ নম্বর যে সব প্রার্থী এস, এস, সি পরীক্ষায় পেয়েছে, তারাই একমাত্র এই কলেজে ভর্তির জন্য ফরম নিয়ে দরখাস্ত করার সুযোগ পাবে বলে কলেজ কর্তৃপক্ষ একটি শর্ত আরোপ করেছে। ফলে শত শত শিক্ষার্থী দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েও এধরনের শর্ত আরোপ করায় ঠাকুরগাঁ কলেজে ভর্তির জন্য ফরম সংগ্রহ করতে পারছে না।

এদিকে কলেজ কর্তৃপক্ষ জানিয়েছেন যে, কলেজের বিভিন্ন বিভাগে শিক্ষকের অপ্রতুলতা, বিজ্ঞানাগারে স্থান সংকুলানসহ শ্রেণী কক্ষের অভাব এবং ছাত্র ছাত্রীদের ক্লাসে বসার জন্য সীমিত ছাত্র ছাত্রী ভর্তি করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ ছাড়া দিনাজপুর সরকারী কলেজসহ রংপুর কারমাইকেল কলেজে বহিরাগত ছাত্রদের ভর্তির জন্য প্রাধান্য দেয়া হচ্ছে না বলে জানা গেছে।

ঠাকুরগাঁ সরকারী কলেজে ছাত্র ভর্তি সমস্যা সমাধানের দাবী জানিয়ে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ঠাকুরগাঁ কলেজ শাখা গত ১লা সেপ্টেম্বর মহাবিদ্যালয়ের অধ্যক্ষ জনাব আবদুল মজিদের কাছে ১১ দফা দাবী জানিয়ে একটি লিখিত স্মারকলিপি পেশ করেছে। দাবী না মানলে আন্দোলন গড়ে তোলা হবে বলে ছাত্র নেতৃবৃন্দ জানান।